

দিন ... 17 MAY 2013 ...
পৃষ্ঠা ... ৬ ...

বেসরকারী স্কুল কলেজের শিক্ষক কর্মচারীদের আজ এক ঘণ্টা কর্মবিরতি

স্টাফ রিপোর্টার ॥ একশ দফা দাবি আদায়ের লক্ষ্যে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন আজ শনিবার দেশব্যাপী বেসরকারী স্কুল-কলেজগুলোতে এক ঘণ্টা কর্মবিরতির ডাক দিয়েছে। ফেডারেশনের সেক্রেটারি জেনারেল কাজী ফারুক আহমেদ স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে, ম্যানেজিং কমিটি বা গবর্নিং বডি অকার্যকর করে দিয়ে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনায় বিপর্যয় সৃষ্টির অতর্কিত উদ্দেশ্যে জেলা-উপজেলায় তথাকথিত 'শিক্ষা উন্নয়ন কমিটি' গঠন ও শিক্ষা ব্যবস্থা

(৭-পৃষ্ঠা ৬-এর কঃ দেখুন)

বেসরকারী স্কুল

(৮-এর পরের পর)

ঋণসুর প্রতিবাদে এবং ৩০ শতাংশ মহার্ঘ জাতা ১০ শতাংশ বৃদ্ধি (৩০ শতাংশ) প্রদানের
কর্মবিরতির কথা জানিয়ে দেওয়া হয়েছে। এই
ফেডারেশনের চেয়ারম্যান শেখ আমানুল্লাহ, সেক্রেটারি
জেনারেল কাজী ফারুক আহমেদ, বাংলাদেশ শিক্ষক
সমিতির সভাপতি মোহাম্মদ আজিজুল ইসলাম,
বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক
অধ্যাপক আসাদুল হক প্রমুখ এক বিবৃতিতে গবর্নিং বডি
বা ম্যানেজিং কমিটিসমূহ অকার্যকর করে দিয়ে তদারকি
ও মূল্যায়নের নামে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা ব্যবস্থার
বিশৃঙ্খলা সৃষ্টি, শিক্ষক-কর্মচারীদের দীর্ঘদিনের
আন্দোলন-সংগ্রামের মাধ্যমে অর্জিত অধিকার ও মর্যাদা
কেড়ে নিয়ে সরকারী-বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান প্রধান ও
সর্বস্তরের শিক্ষক-কর্মচারীদের ছুটি মন্ত্রণা ও নিয়ন্ত্রণ,
শিক্ষক-কর্মচারীদের হাজারি খাতা তদারকি, অত্যন্তরীণ
ও পাবলিক পরীক্ষা পরিচালনা ও মূল্যায়ন, বেসরকারী
শিক্ষা প্রতিষ্ঠানের বেতন-জাতা প্রদানের কমতা প্রদানসহ
বিভিন্ন কালাকানুন সংবলিত জেলা-উপজেলা কমিটি
গঠনের যে প্রস্তাবন গত ৩ মে শিক্ষা সচিবের স্বাক্ষরে
জারি করা হয়েছে তা অবিলম্বে প্রত্যাহার করতে হবে।